# রাষ্ট্রপ্রধানদের SCO কাউন্সিলের 24তম সভা

জুলাই 02, 2024

কাজাখস্তানের সভাপতিত্বে আস্তানায় আগামী ৪ জুলাই, ২০২৪-এ ২৪তম এসসিও (শাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন) রাষ্ট্রপ্রধানদের কাউন্সিলের বৈঠক (এসসিও শীর্ষ সম্মেলন) অনুষ্ঠিত হবে।

২. ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস. জয়শঙ্কর এই শীর্ষ সম্মেলনে যোগদান করবেন এবং তিনি আস্তানায় ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন।

৩. উক্ত শীর্ষ সম্মেলনে নেতারা গত দুই দশকের সংগঠনের কার্যক্রম পর্যালোচনা করবেন এবং বহুপাক্ষিক সহযোগিতার বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে আলাপ-আলোচনা করবেন। এছাড়াও, বৈঠকে আঞ্চলিক ও আন্তর্জাতিক গুরুত্বের বিষয়গুলি নিয়েও আলোচনা করা হবে।

৪. এসসিও-তে ভারতের অগ্রাধিকার প্রধানমন্ত্রী মোদির ‘SECURE’ এসসিও দৃষ্টিভঙ্গি দ্বারা প্রভাবিত। SECURE-এর অর্থ হল সুরক্ষা (Security), অর্থনৈতিক সহযোগিতা (Economic cooperation), সংযোগ (Connectivity), ঐক্য (Unity), সার্বভৌমত্ব ও আঞ্চলিক অখণ্ডতার প্রতি সম্মান (Respect for sovereignty and territorial integrity) এবং পরিবেশ সুরক্ষা (Environmental Protection)। এসসিও-র প্রথম সভাপতি হিসেবে ভারত ২০২৩ সালের ৪ জুলাই, ভার্চুয়াল ফরম্যাটে, এসসিও রাষ্ট্রপ্রধানদের কাউন্সিলের ২৩তম বৈঠকের আয়োজন করেছিল।

**নতুন দিল্লি**
**জুলাই 02, 2024**